রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, সেপ্টেম্বর ২৯, ২০০৩

## গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
## ভূমি মন্ত্রণালয়
## শাখা-১ (প্রশাসন)

## বিজ্ঞপ্তি

তারিখঃ ২৫শে সেপ্টেম্বর ২০০৩ ইং

নং ভূঃমঃ/শাঃ-১/হিঃনিঃ/(পরীক্ষা পদ্ধতি)-৯/২০০৩-২১০৩—ভূমি মন্ত্রনালয়ের নিয়ন্ত্রনাধীন অভ্যন্তরীন নিরীক্ষার কাজে নিয়োজিত হিসাব নিয়ন্ত্রক (রাজস্ব) দপ্তরে (কর্মকর্তা/কর্মচারী) নিয়োগ বিধিমালা/০৩ এর আলোকে পদোন্নতির মাধ্যমে পূরণযোগ্য সহকারী হিসাব নিযন্ত্রক (রাজস্ব), হিসাব তত্ত্বাবধায়ক (রাজস্ব) ও নিরীক্ষক (রাজস্ব) এর শূন্যপদ পূরণের ক্ষেত্রে নিম্নবর্ণিত বিভাগীয় পরীক্ষাপদ্ধতি (নিয়মাবলী) এবং বিষয় (সিলেবাস) অনুসরণ করতে হবে :—

১। **সহকারী হিসাব নিয়ন্ত্রক (রাজস্ব) (Assistant Controller of Accounts (Rev) :—**

(ক) হিসাব তত্ত্বাবধায়ক (রাজস্ব) পদে ৭ বছর চাকুরী হলে সংশ্লিষ্ট হিসাব তত্ত্বাবধায়ক (রাজস্ব)গণ সহকারী হিসাব নিয়ন্ত্রক (রাজস্ব) পদে পদোন্নতির বিভাগীয় পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন। প্রত্যেক বিষয়ে ১০০ নাম্বার করে ৪টি বিষয়ের উপর মোট ৪০০ নাম্বারের পরীক্ষা। প্রত্যেক বিষয়ে ১০০ নাম্বারের মধ্যে ৪৫% এবং মোট প্রাপ্ত নাম্বারের গড় ৫০% হলে সংশ্লিষ্ট প্রার্থী কৃতকার্য্য বলে বিবেচিত হবেন। পরীক্ষায় অকৃতকার্যদের মধ্যে কেহ কোন বিষয়ে ৬৬% নাম্বার পেলে তাঁকে পরবর্তীতে সংশ্লিষ্ট বিষয়ে পরীক্ষা দিতে হবে না।



মূল্য : টাকা ২.০০

(খ) সহকারী হিসাব নিয়ন্ত্রক (রাজস্ব) পদের বিভাগীয় পদোন্নতি পরীক্ষা ভূমি মন্ত্রণালয় এবং হিসাব নিয়ন্ত্রক (রাজস্ব) এর যৌথ তত্ত্বাবধানে অনুষ্ঠিত হবে।

২। **হিসাব তত্ত্বাবধায়ক (রাজস্ব) (Superintendent of Accounts (Rev) :—**

(ক) নিরীক্ষক (রাজস্ব) পদে ৫ বছর চাকুরী হলে হিসাব তত্ত্বাবধায়ক (রাজস্ব) পদে পদোন্নতির বিভাগীয় পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন। প্রত্যেক বিষয়ে ১০০ নাম্বার করে ৫টি বিষয়ের উপর মোট ৫০০ নাম্বারের পরীক্ষা। প্রত্যেক বিষয়ে ১০০ নাম্বারের মধ্যে ৪০% এবং মোট প্রাপ্ত নাম্বারের গড় ৪৫% হলে সংশ্লিষ্ট প্রার্থী কৃতকার্য্য বলে বিবেচিত হবেন। পরীক্ষায় অকৃতকার্য্যদের মধ্যে কেহ কোন বিষয়ে ৬৬% নাম্বার পেলে তাকে পরবর্তীতে সংশ্লিষ্ট বিষয়ে পরীক্ষা দিতে হবে না।

(খ) হিসাব তত্ত্বাবধায়ক (রাজস্ব) (Superintendent of Accounts (Rev) পদের বিভাগীয় পদোন্নতি পরীক্ষা মন্ত্রণালয়ের অনুমোদন সাপেক্ষে হিসাব নিয়ন্ত্রক (রাজস্ব) এর সার্বিক তত্ত্বাবধায়নে অনুষ্ঠিত হবে।

৩। **নিরীক্ষক (রাজস্ব) (Auditor (Rev) :—**

(ক) নিম্নমান সহকারী তথা-মুদ্রাক্ষরিক/অফিস সহকারী কাম-মুদ্রাক্ষরিক পদে ৫(পাঁচ) বছর চাকুরী হলে নিরীক্ষক (রাজস্ব) পদে পদোন্নতির বিভাগীয় পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন। প্রত্যেক বিষয়ে ১০০ নাম্বার করে ৩টি বিষয়ের উপর মোট ৩০০ নাম্বারের পরীক্ষা। প্রত্যেক বিষয়ে ১০০ নাম্বারের মধ্যে ৪০% এবং মোট প্রাপ্ত নাম্বারের গড় ৪৫% হলে সংশ্লিষ্ট প্রার্থী কৃতকার্য্য বলে বিবেচিত হবেন।

(খ) নিরীক্ষক (রাজস্ব) (Auditor (Rev) পদের বিভাগীয় পরীক্ষা হিসাব নিয়ন্ত্রক (রাজস্ব) এর সার্বিক তত্ত্বাবধানে অনুষ্ঠিত হবে। পরীক্ষায় কৃতকার্য্য প্রার্থীদের মধ্য থেকে মেধার ক্রমানুসারে পদোন্নতি কমিটির সুপারিশের ভিত্তিতে পদোন্নতি প্রদান করা হবে।

৪। বিভাগীয় পরীক্ষায় কৃতকার্য্য প্রার্থীদের মধ্য থেকে পরীক্ষার ফলাফলের মেধার ক্রমানুসারে সহকারী হিসাব নিয়ন্ত্রক (রাজস্ব) (Assistant Controller of Accounts (Rev) ও হিসাব তত্ত্বাবধায়ক (রাজস্ব) (Superintendent of Accounts (Rev) এর শূন্যপদের বিপরীতে পদোন্নতির সুপারিশ গ্রহণের জন্য বাংলাদেশ সরকারী কর্মকমিশনে প্রস্তাব প্রেরণ করতে হবে। অতঃপর কর্মকমিশনের সুপারিশ অনুযায়ী সংশ্লিষ্ট মন্ত্রণালয় পদোন্নতির প্রজ্ঞাপন জারী করবেন।

৫। বিভাগীয় পদোন্নতি পরীক্ষার বিষয় ও সিলেবাস পদওয়ারী নিম্নে প্রদত্ত হলো ঃ—

## সহকারী হিসাব নিয়ন্ত্রক (রাজস্ব) পদের বিভাগীয় পরীক্ষার বিষয়সমূহ ও সিলেবাস

| পত্র | বিষয় ও সিলেবাস | পূর্ণ নাম্বার |
|---|---|---|
| ১ম | **বাংলাদেশ ও চলতি বিষয়াবলী** | ১০০ |
| ২য় | **সকল সরকারী অফিসের ক্ষেত্রে প্রযোজ্য আইন, বিধি ও পদ্ধতি ঃ**<br>ক) বি, এস, আর পার্ট-১ ও ২ (ব্যবহারিক)।<br>খ) এ্যাটাবলিটমেন্ট ম্যানুয়াল ১ম ও ২য় খন্ড (ব্যবহারিক)। | ১০০ |
| ৩য় | **ভূমি সংক্রান্ত বিভিন্ন আইন ও বিধি-বিধান ঃ**<br>ক) ভূমি ব্যবস্থাপনা ম্যানুয়াল<br>খ) ভূমি প্রশাসন ম্যানুয়াল<br>গ) ভূমি রেকর্ড ও জরিপ সংক্রান্ত বিধি-বিধান<br>ঘ) ভূমি অধিগ্রহণ ম্যানুয়াল ও অর্পিত সম্পত্তি ব্যবস্থাপনা | ১০০ |
| ৪র্থ | ফিনানশিয়াল রুল্‌স, অডিট ম্যানুয়াল, অডিট কোড, একাউন্স কোড, বেঙ্গল অডিট ম্যানুয়াল, ট্রেজারী রুল্‌স (ব্যবহারিক)। | ১০০ |

## হিসাব তত্ত্বাবধায়ক (রাজস্ব) পদের বিভাগীয় পরীক্ষার বিষয়সমূহ ও সিলেবাস

| পত্র | বিষয় ও সিলেবাস | পূর্ণ নাম্বার |
|---|---|---|
| ১ম | সার-সংক্ষেপ ও খসড়া | ১০০ |
| ২য় | অডিট কোড, একাউন্স কোড (১ম খন্ড) এবং মুখ্য খাত ও গৌণ খাতের তালিকা। | ১০০ |
| ৩য় | এন ইনট্রোডাকশন টু ইন্ডিয়ান গভার্ণমেন্ট একাউন্স এন্ড অডিট (২য় সংস্কার যাহা বাংলাদেশে গৃহীত) ই,বি,এস,এ এন্ড টি এ্যাক্ট ১৯৫০ ও এতদ্‌সম্পর্কিত রুল্‌স এবং ভূমি ব্যবস্থাপনা ম্যানুয়াল, ৯০ (সাবেক জিই ম্যানুয়াল ১৯৫৬ এর স্থলাভিষিক্ত), ভূমি রেকর্ড ও জরিপ সংক্রান্ত বিধি- বিধান, ভূমি অধিগ্রহণ ম্যানুয়াল, ভূমি প্রশাসন ম্যানুয়াল, অর্পিত সম্পত্তি ব্যবস্থাপনা। | ১০০ |
| ৪র্থ | বি এস আর (১ম ও ২য় খন্ড) বি, এফ, আর পেনশন রুল্‌স এবং ট্রেজারী রুল্‌স (১ম ও ২য় খন্ড) (ব্যবহারিক)। | ১০০ |
| ৫ম | বেঙ্গল অডিট ম্যানুয়াল প্র্যাকটিস এন্ড প্রসিডিউর ম্যানুয়াল, সার্টিফিকেট ম্যানুয়াল (ব্যবহারিক)। | ১০০ |

## নিরীক্ষক (রাজস্ব) পদের বিভাগীয় পরীক্ষার বিষয়সমূহ ও সিলেবাস

| পত্র | বিষয় ও সিলেবাস | পূর্ণ নাম্বার |
|---|---|---|
| ১ম | সারাংশ ও খসড়া | ১০০ |
| ২য় | ভূমি ব্যবস্থাপনা ম্যানুয়াল | ১০০ |
| ৩য় | বাংলা - ইংরেজী | ১০০ |

রাষ্ট্রপতির আদেশক্রমে

আজাদ রুহুল আমিন
সচিব।

শেখ মোঃ মোবারক হোসেন (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আমিন জুবেরী আলম, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।